গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
৯৮, শহিদ তাজউদ্দীন আহমেদ সরণি,
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

বিষয়: শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ভূমি সংস্কার বোর্ডের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আবু বকর ছিদ্দীক, চেয়ারম্যান (সিনিয়র সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
তারিখ : ৩০-০৭-২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।
স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, ভূমি সংস্কার বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো উপস্থাপন করেন। উপস্থাপক সভাকে আরও অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশিকা অনুযায়ী ভূমি সংস্কার বোর্ড-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। । অতঃপর সভায় সভাপতি এজেন্ডাভুক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করেন। এ ছাড়াও সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং ভূমি সংস্কার বোর্ডের অন্যান্য কর্মকর্তাবৃন্দ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নে তাদের গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত:

১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
২। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা সেপ্টেম্বর/২৩ এর মধ্যে আয়োজন করতে হবে।
৩। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ (১ম কোয়ার্টারের) সেপ্টেম্বর/২৩ এর মধ্যে আয়োজন করতে হবে।
৪। কর্ম-পরিবেশ উন্নয়নে ১ম কোয়ার্টারের মধ্যে গৃহীতব্য কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে।
৫। ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৬। ১ম কোয়ার্টারে অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ১০% বাস্তবায়ন করতে হবে।
৭। ১ম কোয়ার্টারে বাজেটের ১০% বাস্তবায়ন করতে হবে।
৮। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের অংশ হিসেবে সরকারি যানবাহন যথাযথ ব্যবহার, স্টেশনারি সামগ্রী যথাযথ ব্যবহার, মাঠ পর্যায় হতে প্রাপ্ত চাহিদার প্রেক্ষিতে বাজেট বরাদ্দ, কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান, অফিসের সরকারি সম্পদ (পানি ও বিদ্যুৎ) এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং ভূমিসেবা নিশ্চিতকরণে উপ-ভূমি সংস্কার কমিশনারগণ উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস আকস্মিক পরিদর্শন করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি "শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪" বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু বকর ছিদ্দীক
চেয়ারম্যান (সিনিয়র সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০১৮.২৩.৬৮

তারিখ : ২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(২) উপ-ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(৩) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
(৪) ম্যানেজার (ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(৫) সহকারী ভূমি সংস্কার কমিশনার- ১/২/৪/৫/৬।
(৬) চেয়ারম্যান (সিনিয়র সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(৮) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(৯) অফিস কপি।

০৬/০৮/২৩

(সাবরিনা সুলতানা)
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
(অতিরিক্ত দায়িত্ব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২৮১৭০১৫৫
ই-মেইল : alrc3@lrb.gov.bd